

সমুদ্র

ঐখানে সমুদ্র
ঠিক ওখানে গেলেই
গাঙশালিকের দেখা মিলবে
চেউ এসে ভিজিয়ে দেবে
সব ক্লান্তি ।
কখনো দেখেছ সমুদ্র ?
কখনো সময় হলে
দেখে এসো
চেউ এর গর্জন , উদ্দাম মাদকতা
আর তীরে আছড়ে পড়ার শব্দ ,
গোধূলি ক্ষণে সূর্যাস্তের রক্তঝরা ছবি
নীলচে ঘোলা পানিতে
একটু একটু করে মিশে যাওয়া
ঠিক তোমার মতন করেই
যেমন করে মিশে গেছ
দিন-রাত্রির জীবনে।
একবার দেখে এসো সমুদ্র
গাঙশালিকের অভিমান জয় করে এসো,
বালির সাম্রাজ্য ঝিনুকে সাজিয়ে এসো,
নিজের জন্য প্রাণভরে নিঃশ্বাস নিয়ে এসো।
ঐখানে সমুদ্র
এখনো ঠিক ওখানে।

~~~~~স্বরলিপি টুশকি~~~~~

